‘বাংলাদেশিকে থাপ্পড় মারলো মালয়েশিয়া ইমিগ্রেশন পুলিশ’

নিউজবিডি৭১ডটকম
ঢাকা: মালয়েশিয়ার জোহর প্রদেশে এক বাংলাদেশি যুবককে থাপ্পড় মারার ভিডিও ছড়িয়ে পড়েছে (ভাইরাল) অনলাইনে। এ ঘটনার পর মালয়েশিয়ার ইমিগ্রেশন (অভিবাসন) কর্মকর্তাকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে।

ভাইরাল হওয়া ওই ভিডিওতে দেখা যায়, বাংলাদেশি তরুণের মাথায় আঘাত করছেন ওই ইমিগ্রেশন কর্মকর্তা এবং তাঁর হাত জোর করে স্ক্যানারে রাখছেন।

গত ৩০ মে সকাল ৯টার দিকে প্রদেশের উইসমা পারসেকুতুয়ান এলাকার ইমিগ্রেশন অফিসে এ ঘটনা ঘটে।

এ বিষয়ে জোহর ইমিগ্রেশন বিভাগের পরিচালক রোহাইজি বাহারি বলেন, এ ঘটনার পর আমরা ওই কর্মকর্তাকে ফ্রন্ট ডেস্ক থেকে সরিয়ে দিয়েছি।

তিনি বলেন, এ ধরনের আচরণ কোনোভাবেই বরদাশত করা হবে না। ওই কর্মকর্তার বিরুদ্ধে কী অবস্থা নেওয়া হয়েছে, তা তিনি বলেননি।

এক বিবৃতিতে ইমিগ্রেশন বিভাগের মুস্তাফা আলীও বলেন, এই কর্মকাণ্ডের ফলে মালয়েশিয়ার ইমিগ্রেশন বিভাগের সুনাম ক্ষুণ্ণ হয়েছে।

তিনি বলেন, আমরা তাকে বরখাস্ত বা চাকরিচ্যুত করার কথা ভাবব। সরকারি চাকুরি শৃঙ্খলাবিধি ২০০২ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

মালয়েশিয়াভিত্তিক জুস অনলাইন জানায়, মালয়েশিয়ায় কাজ করতে আসা বিদেশি কর্মীদের মধ্যে বাংলাদেশি কর্মীরা অত্যন্ত সৎ ও কঠোর পরিশ্রমী হয়ে থাকে। কিন্তু স্থানীয় লোকজন তাঁদের সঙ্গে ভালো আচরণ করে না।

নিউজবিডি৭১/এম কে/ ৪ জুন , ২০১৮